তথ্য পাতা

নিউ ইয়র্ক স্টেট নির্মাণ শিল্পে ন্যায্য আচরণ আইন

নিউ ইয়র্ক স্টেট নির্মাণ শিল্পে ন্যায্য আচরণ আইন 2010 সালের অক্টোবরের 26 তারিখ থেকে কার্যকর হয়। নির্মাণ শিল্পে কোন ব্যক্তি একজন কর্মচারী না স্বতন্ত্র ঠিকাদার তা নির্ধারণ করার জন্য এই আইনটি নতুন একটি প্রমিত মান তুলে ধরে। যে-সকল নিয়োগদাতা তাদের কর্মচারীদেরকে সঠিকভাবে শ্রেণি বিন্যাস করতে ব্যর্থ হয়, এই আইন তাদের জন্য নতুন দন্ডের বিধান রেখেছে।

গবেষণায় দেখা গেছে যে, নিউ ইয়র্ক স্টেস্টে আনুমানিক শতকরা 15 থেকে 25 ভাগ নির্মাণ কর্মী ত্রুটিপূর্ণ ভাবে শ্রেণি বিন্যাসিত হয় থাকতে পারে। কর্মীচারীদের ত্রুটিপূর্ণ শ্রেণিবিন্যাস তখনই ঘটে যখন নিয়োগদাতা কর্মীদেরকে কর্মচারীর বদলে স্বতন্ত্র ঠিকাদার হিসাবে বিবেচনা করে, তাদেরকে অনানুষ্ঠানিক ভাবে ("অফ দি বুক") অর্থ প্রদান করে।

নতুন প্রমিত মান: আইনটি ধরে নেয় যে, নিয়োগদাতার জন্য কর্মরত ব্যক্তিটি হচ্ছেন কর্মচারী, যদি না সে নিচের তিনটি শর্তের সব ক'টিই পূরণ করে। ব্যক্তিটি অবশ্যই:

(1) কর্ম সম্পাদনে নিয়ন্ত্রণ এবং নির্দেশনা থেকে মুক্ত থাকবে, উভয় চুক্তি অনুযায়ী এবং বাস্তবে।

(2) কোম্পানির স্বাভাবিক কর্মকান্ডের বাইরের কাজকর্ম সম্পাদন করে থাকে এবং

(3) এমন একটি স্বতন্ত্রভাবে স্থাপিত বাণিজ্য, পেশা বা ব্যবসায় নিয়োজিত থাকে, যা তাদের সম্পাদিত পরিষেবার অনুরূপ।

ভিন্ন ব্যবসায়িক সত্তা: আইনটিতে একটি 12-প্রস্থের পরীক্ষা আছে, যা দিয়ে নির্ধারণ করা হয় যে, কখন একটি একক মালিকানাধীন, অংশীদারী, করপোরেশন অথবা অন্য কোন সত্তাকে, তারা যে-ঠিকাদারের পক্ষে পরিষেবা প্রদান করে, সেটি থেকে "আলাদা ব্যবসায়িক সত্তা" হিসাবে বিবেচনা করা হবে। যদি কোন সত্তা 12 টির সব ক'টি শর্তই পূরণ করে, তাহলে সেটিকে ঠিকাদারের কর্মচারী হিসাবে বিবেচনা করা হবে না। তার পরিবর্তে সেটিকে একটি আলাদা ব্যবসা হিসাবে বিবেচনা করা হবে, যেটি নিজেই তার কর্মচারী সংক্রান্ত নতুন আইন মেনে চলবে। এই তথ্য পাতার উল্টো পৃষ্ঠায় আলাদা ব্যবসায়িক সত্তার 12টি শর্ত তুলে ধরা হয়েছে।

আওতা: নির্মাণ শিল্পের সকল ঠিকাদারের জন্য এই আইন প্রযোজ্য হবে। যে কোন দালান, কাঠামো, নির্মাণ পুনর্নির্মাণ, পরিবর্তন, রক্ষানাবেক্ষণ, সরানো, পুনর্বাসন, মেরামত, নবায়ন অথবা ভাংগা অথবা জমি বা অন্য কোন নির্মাণ স্থলে খনন বা জমির উন্নয়নের কাজ নির্মাণের সংজ্ঞার অন্তর্ভুক্ত থাকে।

আওতাধীন সংস্থা: নিয়োগের ধরন নির্ধারণের জন্য নতুন প্রমিতমান শ্রম আইনের অধীনে শর্তসমূহ (শ্রম প্রমিতমান, চলমান মজুরি আইন এবং বেকার বিমাসহ) এবং শ্রমিকের ক্ষতিপূরণ আইনের উপর প্রযোজ্য হবে। নিউ ইয়র্ক স্টেটের কর আইনের শর্তাবলীর উপর এটি প্রযোজ্য হবে না। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স কর্মচারীদের মর্যাদা নির্ধারণের জন্য তার বর্তমান প্রমিতমান ব্যবহার করা অব্যাহত রাখবে। নতুন আইন অনুযায়ী প্রযোজ্য দন্ড শ্রম আইন, শ্রমিকের ক্ষতিপূরণ আইন, এবং নিউ ইয়র্ক স্টেট কর (ট্যাক্স) আইনের ত্রুটিপূর্ণ শ্রেণি বিন্যাস নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

দন্ড: নিয়োগদাতা কর্তৃক তার কর্মচারীকে সঠিকভাবে শ্রেণিবিন্যাস করার ব্যর্থতার কারণে ইচ্ছাকৃতভাবে ন্যায্য আচরণ আইন ভংগ করলে, প্রতিটি ত্রুটিপূর্ণ শ্রেণি বিন্যাসিত কর্মচারীর জন্য প্রথম বার অপরাধের জন্য নিয়োগদাতা $2,500 পর্যন্ত দেওয়ানি দন্ডের সন্মুখীন হবে এবং পাঁচ-বছর সময়কালে দ্বিতীয় অবরাধের জন্য প্রতিটি ত্রুটিপূর্ণ শ্রেণিবিন্যাসিত কর্মচারীর জন্য $5,000 পর্যন্ত দেওয়ানি দন্ডের সন্মুখীন হবে।

নিয়োগদাতা আইন লংঘনের জন্য ফৌজদারি অপরাধের (একটি লঘু অপরাধ) সন্মুখীন হতে পারে, যার জন্য 30 দিন পর্যন্ত কারাভোগ এবং $25,000 পর্যন্ত জরিমানা এবং প্রথমবার অপরাধের জন্য সরকারী কাজ থেকে এক বছর পর্যন্ত নিষেধাজ্ঞা কার্যকর হতে পারে। পরবর্তী লঘু অপরাধের জন্য 60 দিন পর্যন্ত কারাভোগ এবং $50,000 পর্যন্ত জরিমানা এবং সরকারি কাজ থেকে পাঁচ বছর পর্যন্ত নিষেধাজ্ঞা কার্যকর হতে পারে।

এছাড়া, কর্মচারীর ত্রুটিপূর্ণ শ্রেণি বিন্যাসের ফলে শ্রম আইন, শ্রমিকের ক্ষতিপূরণ আইন এবং কর আইন লংঘনের বর্তমান দন্ড, কর এবং ক্ষতিপূরণের জন্য নিয়োগদাতা দায়ী থাকবে। জেনে শুনে লংঘন ঘটানোর কারণে করপোরেট কর্মকর্তাবৃন্দ এবং নির্দিষ্ট শেয়ার হোল্ডার ব্যক্তিগতভাবে এই আইনের অধীনে জরিমানা এবং দন্ডের সন্মুখীন হতে পারে।

টাঙ্গানো: নির্মাণ শিল্পের নিয়োগদাতারা কর্মস্থলে একটি গুরুত্বপূর্ণ এবং অভিগম্য স্থানে অবশ্যই ন্যায্য আচরণ আইনের বিজ্ঞপ্তি টাঙ্গিয়ে রাখবে।এই বাধ্যতামূলক বিজ্ঞপ্তি ডিপার্টমেন্টের ওয়েবসাইটে পাওয়া যায়।বিজ্ঞপ্তি টাঙ্গানোর ব্যর্থতার কারণে প্রথমবার অপরাধে $1,500 পর্যন্ত এবং দ্বিতীয়বারের অপরাধে $5,000 পর্যন্ত জরিমানা হতে পারে।

আমাদের সাথে যোগাযোগ: ন্যায্য আচরণ আইন সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অথবা আপনি যদি কর্মচারীর কোন ত্রুটিপূর্ণ শ্রেনিবিন্যাসের সন্দেহ করে থাকেন, তাহলে দয়া করে স্টেট লেবার ডিপার্টমেন্ট বিনা মুল্যের নম্বর 1-866-435-1499 –এ ফোন করুন অথবা আমাদের ইমেইল করুন:

dol.misclassified@labor.ny.gov.

লেবার ডিপার্টমেন্টের ওয়েবসাইট www.labor.ny.gov – এ ন্যায্য আচরণ আইনের পূর্ণ লিখিত বিবরণ পাওয়া যায়।

এ সম্পর্কে আরো জানার জন্য
নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার
www.labor.ny.gov–এ যান

আলাদা ব্যবসায়িক সত্তার পরীক্ষা

যে ব্যবসায় পরিষেবা প্রদান করার হচ্ছে তা থেকে আলাদা ব্যবসায়িক সত্তা হিসাবে বিবেচিত হওয়ার জন্য একটি একক ব্যক্তিমালীকানাধীন, অংশীদারী, করপোরেশন, অন্যান্য ব্যবসায়িক সত্তা অবশ্যই:

(1) পরিষেবা প্রদানের মাধ্যম এবং পদ্ধতির উপর নির্দেশনা এবং নিয়ন্ত্রণ হতে মুক্ত থেকে কর্ম সম্পাদনা করবে এবং তা কাংখিত ফলাফল অর্জনে ঠিকাদারের অধিকারকে মেনে চলবে;
(2) ঠিকাদারের সাথে তার কাজ শেষ হয়ে গেলে, সেটি বাতিল হয়ে যাবে না;
(3) সাধারণ টুলস, যন্ত্রপাতি এবং একটি ব্যক্তিগত যানবাহন ছাড়াও সত্তাতে ব্যাপক মূলধন বিনিয়োগ থাকবে;
(4) সত্তার মুলধনী মালামালের মালিক হবে এবং লভ্যাংশ অর্জন করবে এবং ক্ষতি বহন করবে;
(5) তার পরিষেবা সাধারণ জনগণ অথবা ব্যবসায়িক কম্যুনিটির জন্য নিয়মিত ভিত্তিতে সহজলভ্য করবে;
(6) স্বতন্ত্র ব্যবসা হিসাবে পরিষেবাগুলিকে ফেডারেল করের আওতায় অন্তর্ভুক্ত করবে;
(7) সত্তার নিজস্ব নামে পরিষেবা সম্পাদনা করবে;
(8) সত্তার নামে প্রযোজনীয় লাইসেন্স বা অনুমতি সংগ্রহ করবে এবং ফিস প্রদান করবে;
(9) পরিষেবা প্রদানের জন্য প্রযোজনীয় উপকরণ এবং যন্ত্রপাতির ব্যবস্থা করবে;
(10) ঠিকাদারের অনুমোদন ছাড়াই তার নিজস্ব কর্মচারী নিয়োগ করবে, ঠিকাদারের পুর্নভরণ ছাড়াই কর্মচারীদের বেতন দিবে এবং ইনটারনাল রেভিনিউ সার্ভিসকে কর্মচারীদের আয় সম্পর্কে অবহিত করবে;
(11) নিজের পছন্দের ভিত্তিতে এবং যে কোন সময় অনুরূপ পরিষেবা সম্পাদন করার অধিকার থাকবে;এবং
(12) ঠিকাদার সত্তার প্রতিনিধিত্ব করবে না বা সত্তার কর্মচারীদেরকে নিজেরকর্মচারী হিসাবে গ্রাহকের কাছে প্রচার করবে না।

আলাদা সত্তা হিসাবে বিবেচিত হওয়ার জন্য সত্তাকে অবশ্যই এই 12 টির সকল ক'টি শর্তই পূরণ করতে হবে।

সকল কর্মীকে সুরক্ষা দেয়
বেকারদেরকে সহায়তা করে
নিয়োগদাতা ও কর্মচারীদেরকে সংযুক্ত করে

www.labor.ny.gov

NYS DEPARTMENT OF LABOR
PROTECT | ASSIST | CONNECT

P 738-BE (03/11) নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার একটি সমসুযোগ প্রদানকারী নিয়োগদাতা/কর্মসূচি।প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অনুরোধক্রমে সম্পূরক সহায়ক এবং পরিষেবা পাওয়া যায়।